চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ এপ্রিল'২০২৪খ্রি.

## হকার আর যত্রতত্র আবর্জনা কমাতে অভিযানের ঘোষণা মেয়র রেজাউলের

রোজার ঈদে বন্ধ থাকা উচ্ছেদ অভিযান আবারো শুরু করার ঘোষণা দিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। এবার উচ্ছেদ অভিযানে ফুটপাত-সড়ক দখলকারীদের পাশাপাশি শাস্তির আওতায় আনা হবে যত্রতত্র ময়লা ফেলা ব্যক্তিদেরও। বৃহস্পতিবার সকালে লালদিঘী পাড়স্থ দুর্যোগ ব্যবস্থাপনা ভবনের সম্মেলন কক্ষে চসিকের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৯তম সাধারণ সভায় এ ঘোষণা দেন তিনি।

সভাপতির বক্তব্যে মেয়র রেজাউল বলেন, নগরবাসী রাস্তায় নিরাপদে হাটার অধিকার ফিরিয়ে দিতে নিউমার্কেটসহ বিভিন্ন এলাকায় উচ্ছেদ অভিযান চালিয়েছি। ভালো কাজ করতে গেলে বাধা আসবেই। উচ্ছেদ কার্যক্রমকে ব্যর্থ করতে নানা রকম বাধা সৃষ্টি করা হচ্ছে। তবে, ঢাকার একেবারে সর্বোচ্চ পর্যায় থেকে চট্টগ্রামের সাধারণ মানুষ সবাই উচ্ছেদ অভিযানে খুশি। ঈদের সময় একটু নমনীয়তা দেখিয়েছি। এখন আবারো ফুটপাত-সড়ক উদ্ধারে অভিযান চলবে।

"অভিযানে সংশ্লিষ্ট আরো অন্যান্য সরকারি সংস্থার সম্পৃক্ততা বাড়াতে যোগাযোগ চলছে। একবার উচ্ছেদের পর পুনর্দখল ঠেকাতে মনিটরিং কার্যক্রম জোরদারে পদক্ষেপ নেয়া হবে। ফুটপাত উদ্ধার শেষ হলে আমার পরবর্তী লক্ষ্য হলো ব্যাটারি রিকশা নিয়ন্ত্রণে অভিযান চালাবো। এছাড়া, আমরা সিদ্ধান্ত নিয়েছি একজন ডেডিকেটেড ম্যাজিস্ট্রেট দিব যার কাজ থাকবে শুধু যাদের বাসা-দোকান-অফিসের সাথে ময়লা পাওয়া যাবে তাদের জরিমানা করা। ফুটপাত রক্ষায় পুলিশ, র‍্যাব, সাংবাদিকদের সহযোগিতা চাই।"

সভায় একাধিক কাউন্সিলর ব্যাটারি রিকশা বন্ধে পদক্ষেপ গ্রহণের দাবি জানান।

সভায় চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের এডিসি (দক্ষিণ) নোবেল চাকমা জানান, নিউমার্কেট মোড়ে ব্যাপক উচ্ছেদের মাধ্যমে ফুটপাত-সড়কের স্থান উদ্ধার করা গেলেও ঈদের শেষ সময়ে হকাররা আবারও ফিরে এসেছে। এজন্য হকার উচ্ছেদে আবারও নতুন করে একটা প্রোগ্রাম গ্রহণ করা যেতে পারে। নিউমার্কেট মোড়ে উচ্ছেদ অভিযান চালাতে গিয়ে হামলার ঘটনায় দুটি মামলা হয়। এর মধ্যে দ্রুত বিচার আইনে হওয়া মামলাটির চার্জশীট দেয়া হয়েছে। আরেকটি মামলা চলমান আছে যেটির সাথে সংশ্লিষ্ট ফুটেজ বিশ্লেষণসহ তদন্ত করা হচ্ছে।

চট্টগ্রাম ওয়াসার নির্বাহী প্রকৌশলী আবদুর রউফ বলেন, চসিকের ৩৭ থেকে ৩৯ নং ওয়ার্ডে পানির সঙ্কট কমাতে প্রকল্প নেয়া হচ্ছে। ৪০ ও ৪১ নং ওয়ার্ডেও পানির সঙ্কট কমাতে কাজ করবে ওয়াসা।

গণপূর্ত অধিদপ্তরের সহকারী প্রকৌশলী মোহাম্মদ রমিজুর রহমান বলেন, বায়েজীদ এলাকায় গণপূর্ত অধিদপ্তরের উদ্ধারকৃত জায়গায় হকারদের জন্য হলিডে মার্কেট  স্থাপনের বিষয়ে একটি প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। প্রতিবেদনটির বিষয়ে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুসারে পদক্ষেপ নেয়া হবে।

বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উপ-সহকারী প্রকৌশলী মো. আবু মুসা জানান, নগরীতে ফুটপাতে অবৈধ কোন দোকান যাতে কোনভাবে বিদ্যুৎ সংযোগ না পায় সে বিষয়ে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড সতর্ক আছে। পিডিবির পোলে ডিশ ও ইন্টারনেটের লাইন অপসারণের বিষয়েও পদক্ষেপ নেয়া হবে।

সভায় বিগত সাধারণ সভার কার্যবিবরণী, দরপত্র কমিটির কার্যবিবরণী এবং স্ট্যান্ডিং কমিটির কার্যবিবরণী অনুমোদিত হয়। স্ট্যান্ডিং কমিটির সভাপতিগণ তাদের নিজ নিজ স্ট্যান্ডিং কমিটির কার্যবিবরণী পেশ করেন। সভায় চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, ভারপ্রাপ্ত সচিব নজরুল ইসলাম, প্যানেল মেয়রবৃন্দ, কাউন্সিলরবৃন্দসহ চসিকের বিভাগীয় ও শাখা প্রধানগণ এবং নগরীর বিভিন্ন সরকারি সংস্থার প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

## ক্ষুদে ডাক্তার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে এ্যাডভোকেসী সভা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত স্কুল সমূহে ক্ষুদে ডাক্তার এর স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম ২১ থেকে ২৭ এপ্রিল  পর্যন্ত চলবে। এই কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে আজ বৃহস্পতিবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জেনারেল হাসপাতাল মিলনায়তনে এক এ্যাডভোকেসী সভা চসিকের ভারপ্রাপ্ত প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোহাম্মদ ইমাম হোসেন রানা এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় বক্তব্য রাখেন-জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এস.এম আব্দুর রহমান, জেলা সহকারী পরিদর্শক মিথিলা দাশ, সহকারী স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোঃ রফিকুল ইসলাম, জোনাল মেডিকেল অফিসার ডাঃ মোঃ হাসান মুরাদ চৌধুরী, ডাঃ সুমন তালুকদার, ডাঃ আকিল মাহমুদ নাফে, ডাঃ জুয়েল মহাজন, থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ মোস্তাক আহমেদ, থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জয়ন্ত বারৈ। কর্মসূচী সম্পর্কে বিভিন্ন তথ্য উপস্থাপন করেন সহকারী স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ তপন কুমার চক্রবর্ত্তী। সভা পরিচালনা করেন ভ্যাকসিনেশন ইনচার্জ মোঃ আবু ছালেহ।

সভাপতির বক্তব্য ভারপ্রাপ্ত প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোহাম্মদ ইমাম হোসেন রানা বলেন, ক্ষুদে ডাক্তার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম খুবই গুরুত্বপূর্ণ। এতে ছাত্র-ছাত্রীগণ প্রাথমিকভাবে স্বাস্থ্য সেবা সম্পর্কে অবহিত হন এবং তাদের মেধার বিকাশও ঘটে।

আগামী **২১** থেকে **২৭** এপ্রিল নগরীর প্রতিটি স্কুলে ক্ষুদে ডাক্তারদের স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম পরিচালিত হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত সকল প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়সমূহে ৫ থেকে **১**৬ বছর বয়সের ছাত্র ছাত্রীদেরকে ওজন, উচ্চতা এবং চোখের দৃষ্টি পরীক্ষা করা হবে। এছাড়া স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন স্বাস্থ্য শিক্ষামূলক বার্তা সমূহ শিক্ষার্থীদের অবহিত করা হবে।

## চসিক ভ্রাম্যমান আদালত
## কালুরঘাট ভারী শিল্প এলাকার চার শতাধিক অবৈধ স্থাপনা উচ্ছেদ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আঞ্চলিক কর্মকর্তা নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ রেজাউল করিম ও নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা আজ বৃহস্পতিবার সকালে নগরীর চান্দগাঁও থানাধীন কালুরঘাট ভাড়ী শিল্প এলাকার ইউনিলিভার সড়ক, দেশ গার্মেন্টস সড়ক ও এফআইডিসি সড়কে উচ্ছেদ অভিযান পরিচালনা করেন। এ অভিযানে সমন্বয়ের দায়িত্ব পালন করেন সিটি মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম। অভিযানকালে রাস্তা, ফুটপাত ও নালার জায়গা দখল করে অবৈধভাবে নির্মিত প্রায় চার শতাধিক স্থাপনা ও দোকানপাট উচ্ছেদ করা হয়।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮